

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্রশিবিরের তাণ্ডব ২০ জন ছাত্রলীগ কর্মি আহত ।। ২ জন আশংকাজনক

ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে আমানুর আমান ঃ ইসলামী ছাত্রশিবিরের ক্রুর তাণ্ডবে আবার রক্তের লেলিহীন শিখায় জ্বলে উঠলো ইসলামী বিশ্ববিদ্যালয়ের নবীন যুক্ত চত্বর চট্টগ্রামের পর শিবির এবার নগ্ন হামলায় বিষাক্ত করলো ইসলামী বিশ্ববিদ্যালয়কে। গতকালী ছাত্রশিবির ছাত্রলীগের নেতাকর্মীদের উপর বর্বর হামলা চালিয়ে প্রায় ২০ জন ছাত্রলীগ নেতাকর্মিকে আহত করেছে। এর মধ্যে দু'জনের অবস্থা আশংকাজনক। আহতদের বিস্তারিত তালিকা পাওয়া যায়নি। যারা গুরুতর অবস্থায় হাসপাতালে অবস্থান নিয়েছে এরা হলো-ছাত্রলীগ ই.বি সাদাম হলের সভাপতি ও ইসলামী বিশ্ববিদ্যালয় প্রেসক্লাবের পাঠাগার সম্পাদক, সাংবাদিক, আসাদুজ্জামান ও শাকি। জানা যায়, বিকেল আনুমানিক ৫টার দিকে ছাত্রশিবিরের কয়েকজন সশস্ত্র কর্মি ছাত্রলীগ ই.বি শাখার সভাপতি শামসুল ইসলাম জোহাকে আক্রমণের চেষ্টা চালালে এই সংঘর্ষের সূত্রপাত হয়। জোহা এ সময় ক্যাম্পাসের বাইরে ছাত্রলীগ নেতাকর্মীদের সঙ্গে মেইন গেটের সম্মুখে সভায় মিলিত হয়। অন্যদিকে ছাত্রশিবির কর্মিরা ক্যাম্পাসে অবস্থানরত সাধারণ ছাত্রদের এ সময় ক্যাম্পাস থেকে বের হয়ে যাবার নির্দেশ দেয় এবং সাদাম হল মোড়, জিয়া হল মোড়, খালেদন জিয়া হল মোড়, উরমিটরি মোড়সহ এক্সচেঞ্জ ভবন, ফ্যাকাণ্ডি, শান্তিভাঙ্গা গেইট, শেলপাড়া

গেইট প্রভৃতি জায়গায় সশস্ত্র অবস্থান নেয়। এ সময় বাশি বাজিয়ে শিবির কর্মিরা নেতৃত্ব নিয়ন্ত্রণ করছিলো। এমতাবস্থায় সাধারণ ছাত্রছাত্রীরা প্রাণ ভয়ে ক্যাম্পাস ছাড়তে থাকে। পরবর্তীতে মাগরিবের প্রার্থনা শেষে শিবির কর্মিরা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতির নেতৃত্বে মেইন গেটের সামনে সভায়রত অবস্থায় ছাত্রলীগের ওপর চড়াও হয় এবং ঘটনাস্থলে দু'দফায় ধাওয়া-পাল্টা ধাওয়া চলে। এ সময় ককটেল ও কয়েক রাউন্ড গুলির শব্দ শোনা যায়। অন্যদিকে ছাত্রলীগের সাদাম হলে সভাপতি আসাদুজ্জামানকে শিবির কর্মিরা রামদা, কুড়াল দিয়ে কুপিয়ে আহত করে।